21 JAN 2017

দৈনিক
ইত্তেফাক

# বকশীগঞ্জে পরীক্ষা কেন্দ্র নিয়ে তিন কলেজের শিক্ষার্থীদের উত্তেজনা

■ বকশীগঞ্জ (জামালপুর) সংবাদদাতা

জেলায় বকশীগঞ্জে এইচএসসি পরীক্ষার কেন্দ্র নিয়ে স্থানীয় তিনটি কলেজের শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। চলছে পাল্টাপাল্টি বিক্ষোভ মিছিল ও সমাবেশ। এই ঘটনায় গতকাল বৃহস্পতিবার শিক্ষকসহ দুজনকে আটক করে পুলিশ।

বকশীগঞ্জ খাতেমুন মইন মহিলা ডিগ্রি কলেজ কেন্দ্র বাতিল করে উপজেলা সদর থেকে চার কিলোমিটার দূরে অবস্থিত চন্দ্রবাজ রশিদা বেগম স্কুল অ্যান্ড কলেজ এইচএসসি পরীক্ষার কেন্দ্র হিসেবে অনুমোদন দেয়। এর প্রতিবাদে গত বুধবার সড়ক অবরোধ করে বিক্ষোভ মিছিল ও ঝাড়ু মিছিল করে সরকারি কে ইউ কলেজ ও খাতেমুন মইন মহিলা কলেজের শিক্ষার্থীরা। আন্দোলনরত শিক্ষার্থীরা স্থানীয় চন্দ্রবাজ রশিদা বেগম স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে নানা আপত্তিকর শ্লোগান দেয়। এর প্রতিবাদে উপজেলা পরিষদ ঘেরাও কর্মসূচির ডাক দিয়ে গতকাল বৃহস্পতিবার দুপুরে পাল্টা বিক্ষোভ মিছিল বের করে চন্দ্রবাজ রশিদা বেগম স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা। মিছিলটি উপজেলা পরিষদ ক্যাম্পাস সংলগ্ন বকশীগঞ্জ-কামালপুর সড়কে পুলিশের বাধার সম্মুখীন হয়। পুলিশি বাধা উপেক্ষা করে বিক্ষোভকারীরা উপজেলা ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা করলে পুলিশ লাঠিচার্জ করে তাদের ছত্রভঙ্গ করে দেয়। ঘটনাস্থল থেকে কলেজ অধ্যক্ষ রফিকুল ইসলামের ছোট ভাই রহমান মিয়া ও সহকারী শিক্ষক মনির হোসেনকে পুলিশ আটক করে।

## শিক্ষকসহ গ্রেফতার ২

বকশীগঞ্জ থানার ওসি আসলাম হোসেন জানান, পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে। ইউএনও আবু হাসান সিদ্দিক জানান, বিষয়টি নিয়ে উভয়পক্ষের সাথে আলোচনা ও সমাধানের চেষ্টা চলছে।